■ Issue: 12 ■ December-2022

UITS
*Future will be better than thy past*

*Special issue*

# UITS Newsletter

UNIVERSITY OF INFORMATION TECHNOLOGY & SCIENCES



## ইউআইটিএস তরুণদের মানব সম্পদে পরিণত করছে। ডা. দীপু মনি

'ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস তরুণদের মানবসম্পদে পরিণত করছে। স্বল্প খরচে মেধাবী, দরিদ্র ও অসচ্ছলদের শিক্ষাদান কার্যক্রম পরিচালনা করছে সুফি মোহাম্মদ মিজানুর রহমান প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটরা দেশের শিল্প, বাণিজ্য, অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। দেশের গণ্ডি পেরিয়ে বিদেশেও বিভিন্ন প্রতিষ্ঠানে দেশ এবং এই বিশ্ববিদ্যালয়ের সুনাম কুড়িয়েছেন।'

২৯ অক্টোবর ২০২২, ইউআইটিএস-এর শরৎকালীন নবীনবরণ উৎসবে প্রধান অতিথির ভাষণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এ কথা বলেন। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সব আইনবিধি মেনে বিশ্ববিদ্যালয়টি পরিচালনার জন্য তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ইউআইটিএস-এর প্রতিষ্ঠাতা সুফি মোহাম্মদ মিজানুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, সুফি মিজানুর রহমান স্বপ্নচারী মানুষ। তিনি নতুন প্রজন্মকে স্বপ্ন দেখাতে পছন্দ করেন। শিক্ষার্থীদেরকে বিখ্যাত মনীষীগণের স্বপ্ন ধারণ করার জন্য ইউআইটিএস-এর প্রথম ও দ্বিতীয় সমাবর্তনে ভারতের প্রয়াত রাষ্ট্রপতি ও বিশিষ্ট পরমানু বিজ্ঞানী ড. এ পি জে আবদুল কালাম ও আধুনিক মালয়েশিয়ার রূপকার তুন ড. মাহাথির বিন মুহাম্মদকে আমন্ত্রিত অতিথি হিসাবে বাংলাদেশে নিয়ে আসেন। মন্ত্রী মহোদয় নবীন শিক্ষার্থীদেরকে যোগাযোগ, সূক্ষ্মচিন্তা, সমস্যা সমাধান, দলগত কাজ ইত্যাদি বিষয়ে দক্ষতা আয়ত্ত করার পরামর্শ প্রদান করেন।

ইউআইটিএস ও পিএইচপি ফ্যামিলির চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমান অনুষ্ঠানে প্রধান আলোচকের বক্তব্যে বলেন, তোমাদের স্বপ্ন দেখতে হবে; অনেক বড় স্বপ্ন এবং সেই স্বপ্নকে বাস্তবে রূপ দিতে হবে। জীবনে বড় হবার যে তাগিদ, তা কারো কাছ থেকে ধার নেয়া যায় না। সেটা নিজের ভেতর থাকতে হবে। সেটাকে লালন ও পরিচর্যা করে বড় করতে হয়।

বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে নবীনবরণ অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য দেন সভার বিশেষ অতিথি, ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য ও পিএইচপি ফ্যামিলির পরিচালক মোহাম্মদ আলী হোসেন। বিশেষ অতিথি হিসাবে অনুষ্ঠানকে অলঙ্কিত করেন ইউজিসির সম্মানিত সদস্য অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ এবং ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য রত্নগর্ভা তাহমিনা রহমান। আলোচনায় অংশগ্রহণ করেন বিওটির উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, ইউআইটিএস-এর কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক, বিজনেস অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ শহিদুল ইসলাম, লিবারেল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন সৈয়দা আফসানা ফেরদৌসী, আইন অনুষদের ডিন ও বিশ্ববিদ্যালয়ের আইন উপদেষ্টা এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া এবং প্রক্টর ড. মো. ইয়াছিন আলী। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে নীনা কাঞ্চনের মনোজ্ঞ সঙ্গীত পরিবেশনার মধ্য দিয়ে নবীনবরণ উৎসবের সমাপ্তি ঘটে।

## শরৎকালীন নবীনবরণ উৎসবের কিছু মুহূর্ত



*আলোচনা রাখছেন (বাঁ থেকে) শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি, ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজ ও পিএইচপি ফ্যামিলির চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমান বিশেষ অতিথি অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য তাহমিনা রহমান, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মোহাম্মদ আলী হোসেন এবং বিওটির উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান।*






## ন্যায় বিচার প্রতিষ্ঠায় আইনজীবীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার আহ্বানের মধ্য দিয়ে আইন বিভাগের নবীনবরণ অনুষ্ঠিত

গত ২২ সেপ্টেম্বর ২০২২, সকাল ৯:৩০ টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আইন বিভাগের শরৎকালীন সেমিস্টার ২০২২-এর নবীনবরণ অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এডভোকেট আ.ক.ম. মোজাম্মেল হক বলেন, সত্য ও ন্যায় বিচার প্রতিষ্ঠায় আইনজীবীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে। আদর্শবান আইনজীবীরাই পারেন শান্তিপূর্ণ দেশ গড়ায় অবদান রাখতে। তিনি আরো বলেন, দক্ষ ও বিজ্ঞ আইনজীবী তৈরির লক্ষে উন্নত ও যুগোপযোগী শিক্ষাদানের মাধ্যমে সমাজ সেবায় একুশে পদকপ্রাপ্ত সমাজসংস্কারক ও শিক্ষানুরাগী আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত নবীনবরণে বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। সম্মানিত অতিথির আসন অলঙ্কিত করেন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন পরমাণু বিজ্ঞানী, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মাদ শমশের আলী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাজীপুর মহানগর আওয়ামী লীগের সভাপতি ও টঙ্গী পৌরসভার সাবেক মেয়র এডভোকেট মো. আজমত উল্লা খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, রূপালী ব্যাংক লিমিটেড-এর সাবেক মহাব্যাবস্থাপক জনাব এম এ লতিফ, জনাব শওকত হোসেন এবং ইউআইটিএস-এর আইন অনুষদের ডিন এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া। উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগসমূহের বিভাগীয় প্রধান, গণ্যমাধ্যমকর্মীসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আইন বিভাগের প্রধান জনাব মুহাম্মদ ইকবাল হাছান।






## ইউআইটিএস-এ বসন্তকালীন নবীনবরণ-২০২২ উদযাপিত

গত ০৪ জুলাই ২০২২, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস এর নিজস্ব ক্যাম্পাসে বসন্তকালীন নবীনবরণ ২০২২-এর আয়োজন করা হয়। মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কিত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা জনাব আ.ক.ম. মোজাম্মেল হক। প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ইউআইটিএস ও পিএইচপি ফ্যামিলির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের ব্রাক্ষণবাড়িয়া-১ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব বদরুদ্দোজা মো. ফরহাদ হোসেন সংগ্রাম, গাজীপুরের টঙ্গী পৌরসভার সাবেক মেয়র জনাব মো. আজমত উল্লা খান, ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য এবং পিএইচপি ফ্যামিলির পরিচালক জনাব মোহাম্মদ আমির হোসেন সোহেল।

মাননীয় মন্ত্রী তাঁর আলোচনায় বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে হলে আধুনিক ও যুগোপযোগী শিক্ষা ব্যবস্থার মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি করতে হবে। একুশে পদকে ভূষিত সুফি মোহাম্মদ মিজানুর রহমান সে লক্ষ্য বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করে চলেছেন। তার হাতে প্রতিষ্ঠালাভ করেছে বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা ও দাতব্য প্রতিষ্ঠান। তাই, উন্নত জীবনাদর্শভিত্তিক মানবসম্পদ তৈরিতে সুফি মিজানুর রহমানের ভূমিকা অনন্য।

আলোচনায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক এবং ইউআইটিএস-এর আইন অনুষদের ডিন ও আইন উপদেষ্টা এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন অনুষদসমূহের ডিন, বিভাগসমূহের প্রধান, শিক্ষাবিদ, গণমাধ্যমকর্মী, ইউআইটিএস-এর শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



## অমর একুশের মহান শহীদ দিবসে শ্রদ্ধা নিবেদন ও আলোচনা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিবসটি পালন

ইউআইটিএস-এর তৎকালীন উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার নেতৃত্বে গত ২১ ফেব্রুয়ারি ২০২২, রাত ২:০০ টায় কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এ সময় আরোও উপস্থিত ছিলেন মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাসসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। উল্লেখ্য, সূর্যদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলনের (অর্ধনমিত) মধ্য দিয়ে দিবসের কর্মসূচির সূচনা করা হয়।



বিকেল ৩:৩০ টায় তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. মোহামদ সোলায়মানের সভাপতিত্বে ভার্চুয়াল মাধ্যমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান একুশে পদক প্রাপ্ত জনাব আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান।

আলোচনায় অংশগ্রহণ করেন, বিওটির সম্মানিত উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদক্যালয়ের স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, ইউআইটিএস-এর তৎকালীন উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, আইন উপদেষ্টা ও আইন অনুষদের ডিন এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া এবং লিবারেল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন জনাব সৈয়দা আফসানা ফেরদৌসী। আলোচনা সভায় অংশগ্রহণ করেন শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ।



## মহান স্বাধীনতা দিবস ২০২২ উদযাপন

মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে ইউআইটিএস নানা কর্মসূচির আয়োজন করে। ২৬ মার্চ ২০২২, প্রভাতের সূচনালগ্নে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনব্যাপী কর্মসূচি শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের নেতৃত্বে সাভারের নবীনগরে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণে অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, সিএসই বিভাগের সহকারী অধ্যাপক জনাব আল ইমতিয়াজ, ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাস, সহকারী প্রক্টর জনাব মু. খালিদ মাহবুব খান, সিএসই বিভাগের প্রভাষক জনাব মো. ইসমাঈল হোসেন, জনসংযোগ কর্মকর্তা জনাব মো. ওমর ফারুকসহ বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ।



## সুফি মোহাম্মদ মিজানুর রহমানের ৮০তম জন্মদিন উদযাপন

ইউআইটিএস-এর বোর্ড অব ট্রাস্টিজ ও পিএইচপি ফ্যামিলির মাননীয় চেয়ারম্যান আলহাজ সুফি মোহাম্মদ মিজানুর রহমানের ৮০তম জন্মদিন বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে উদযাপন করা হয়। গত ১৪ মার্চ ২০২২, তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচনায় অংশগ্রহণ করেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া, বিওটির উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক, বিজনেস অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ শহিদুল ইসলাম। রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের উপস্থাপনায় অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন প্রক্টর, বিভাগীয় প্রধানগণসহ শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ।




## ইউআইটিএস-এর উদ্যোগে জাতীয় শোক দিবস ও আলোচনা সভা অনুষ্ঠিত

ইউআইটিএস-এর পক্ষ থেকে গত ১৫ আগস্ট ২০২২, ধানমন্ডি ৩২ নম্বরে স্থাপিত স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস ২০২২ ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাতবার্ষিকী পালিত হয়। উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সাথে পুষ্পস্তবক অর্পণে আরো উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, প্রক্টর ড. মো. ইয়াছিন আলী, আইসিটি সেলের অতিরিক্ত পরিচালক জনাব মু. খালিদ মাহবুব খান, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ। সূর্যদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলনের (অর্ধনমিত) মধ্য দিয়ে দিবসের কর্মসূচির সূচনা করা হয়।




গত ১৬ আগস্ট ২০২২, বেলা ২:৩০ টায় ইউআইটিএস-এর রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচনায় অংশগ্রহণ করেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা ও স্যার এ এফ রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. কে. এম. সাইফুল ইসলাম খান, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক, বিজনেস অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ শহিদুল ইসলাম, লিবারেল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন জনাব সৈয়দা আফসানা ফেরদৌসী, আইন অনুষদের ডিন এডভোকেট ড. মো. আব্দুল মান্নান ভূঁইয়া এবং বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. ইয়াসিন আলী। আরো উপস্থিত ছিলেন পরিচালক, বিভাগীয় প্রধান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান।



## শিক্ষকদের অংশগ্রহণে কর্মশালা অনুষ্ঠিত

১৫ নভেম্বর ২০২২, উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের সভা কক্ষে 'শিক্ষা ও দীক্ষা' বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের সঞ্চালনায় অনুষ্ঠিত এ কর্মশালায় একাডেমিক ও প্রশাসনিক-এর বিভিন্ন দিক নিয়ে প্রশিক্ষণ প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের বিওটি উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদক্যালয়ের স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান। মূল প্রশিক্ষণ কর্মশালার পর শিক্ষার মানোন্নয়ন ও উন্নত শিক্ষা প্রদানের উপর সুচিন্তিত মতামত প্রকাশের লক্ষ্যে আলোচনায় অংশগ্রহণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক, বিজনেস অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ শহিদুল ইসলাম, লিবারেল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন সৈয়দা আফসানা ফেরদৌসী এবং আইন অনুষদের ডিন এডভোকেট ড. আব্দুল মান্নান ভূঁইয়া। কর্মশালায় উপস্থিত ছিলেন বিভাগসমুহের প্রধান, ছাত্রকল্যাণ উপদেষ্টা, সেন্টার ও সেলসমূহের পরিচালক। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে শিক্ষকমণ্ডলী উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন।



## রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি তহবিল-এর অধীনে শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান

'রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি তহবিল' থেকে বসন্তকালীন সেমিস্টার-২০২২ এ ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর ১০টি বিভাগের মোট ত্রিশ জন শিক্ষার্থীর মাঝে বৃত্তি প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যানের সহধর্মিনী এবং ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব তাহমিনা রহমানের নামে প্রতিষ্ঠিত 'রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি তহবিল'-এর মাধ্যমে পরিচালিত বৃত্তি প্রদান কর্মসূচির আওতায় বছরের দু'টি সেমিস্টারে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগের একজন ছাত্রীসহ তিনজন শিক্ষার্থীকে এ বৃত্তি প্রদান করা হয়।

গত ২৭ জুলাই ২০২২, বিশ্ববিদ্যালয়ের রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে এবং রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসানের পরিচালনায় এ বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, অনুষদসমূহের ডিন, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক, কর্মকর্ত ও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীবৃন্দ।




## সিভিল ইঞ্জিনিয়ারিং মেগা প্রজেক্টস ইন বাংলাদেশ শীর্ষক সেমিনার

বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের প্রধান ড. মো. মাহবুবুর রহমানের সভাপতিত্বে আয়োজিত 'সিভিল ইঞ্জিনিয়ারিং মেগা প্রজেক্টস ইন বাংলাদেশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসাবে আলোচনায় অংশগ্রহনের মাধ্যমে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পদ্মা বহুমুখী সেতু ও কর্ণফুলী টানেল প্রজেক্টের বিশেষজ্ঞ প্যানেলের সভাপতি এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. এম. শামীম জেড. বসুনিয়া। অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা হিসাবে উপস্থিত ছিলেন ইউআইটিএস ও পিএইচপি ফ্যামিলির চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান।

গত ৯ নভেম্বর ২০২২, অনুষ্ঠিত এ সেমিনারে আলোচক হিসাবে অংশগ্রহণ করেন ইউআইটিএস-এর উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া, বিওটির উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আ.ন.ম. শরীফ। স্বাগত বক্তব্য রাখেন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক। দেশের বিভিন্ন মেগা প্রজেক্টে অবদানের স্বীকৃতি স্বরূপ সেমিনার শেষে বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের সনদপত্র প্রদানের মাধ্যমে সংবর্ধিত করা হয়।



## মালয়েশিয়ার প্ল্যানটেশন ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কমোডিটিজ মন্ত্রীকে গোল্ড এমব্লেম সম্মাননা প্রদান

নারীর ক্ষমতায়নে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ মালয়েশিয়ার প্ল্যানটেশন ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কমোডিটিজ মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা কামারুদ্দিনকে ইউআইটিএস-এর পক্ষ থেকে 'গোল্ড এমব্লেম' প্রদান করা হয়। গত ২৫ ফেব্রুয়ারি ২০২২ রাজধানীর হোটেল রেডিসন ব্লু তে ইউআইটিএস-এর তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মানের সভাপতিত্বে পরিচালিত এ সম্মাননা প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য ও পিএইচপি ফ্যামিলির পরিচালক জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, পিএইচপি ফ্যামিলি ও বাংলাদেশ সেনা কল্যাণ সংস্থার উপদেষ্টা জনাব জিল্লুর রহমান, ঢাকাস্থ মালয়েশিয়ার হাই কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল মাড জাইদি বিন মোদ কারলিসহ আরো অনেকে।



## বাংলাদেশী বংশভূত আমেরিকান বিজ্ঞানী অধ্যাপক করিমের ইউআইটিএস পরিদর্শন

বাংলাদেশী বংশভূত আমেরিকান বিজ্ঞানী অধ্যাপক ড. মোহাম্মদ আতাউল করিম গত ২৫ জুলাই ২০২২, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস পরিদর্শনে আসেন। এ সময় তাকে ফুলেল শুভেচ্ছা ও স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান।

অধ্যাপক ড. মোহাম্মদ আতাউল করিম আমেরিকার ইউনিভার্সিটি অব ম্যাসাচুসেটস ডার্টমাউথ-এর এক্সিকিউটিভ ভাইস-চ্যান্সেলর, প্রভোস্ট ও চিফ অপারেটিং অফিসারসহ ভার্জিনিয়ার ওল্ড ডোমিনিয়ন ইউনিভার্সিটির ভাইস প্রেসিডেন্ট ফর রিসার্চ হিসাবে দায়িত্ব পালন করে থাকেন। তিনি বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। পরে তিনি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ পরিদর্শন করেন এবং শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করেন।




## কম্পিউটার ক্লাবের আয়োজনে সিএসই ট্যালেন্ট হান্ট 2K22

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ইউআইটিএস কম্পিউটার ক্লাবের উদ্যোগে গত ১৭ আগস্ট ২০২২, রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে 'সিএসই ট্যালেন্ট হান্ট' শীর্ষক ইভেন্টের শুভ সূচনা করেন উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান অধ্যাপক ড. মো. মিজানুর রহমানের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া।

আমন্ত্রীত অতিথিদের মাঝে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক এবং ইনফরমেশন টেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান জনাব আল সায়খ। সিএসই বিভাগের প্রভাষক জনাব শাহিনা আক্তারের সঞ্চালনায় অনুষ্ঠিত সিএসই ট্যালেন্ট হান্ট ইভেন্টে বিভাগটির শিক্ষক ও সকল ব্যাচের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।



## সমাজকর্ম বিভাগের ফেয়ারওয়েল এবং প্রি ওরিয়েনটেশন অনুষ্ঠিত

২৭ অক্টোবর ২০২২, সমাজকর্ম বিভাগের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কিত করেন মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া। বিভাগের বিভাগীয় প্রধান জনাব মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনের বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ। সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন লিবারেল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন জনাব সৈয়দা আফসানা ফেরদৌসী, ইউআইটিএস ইন্টারন্যাশনাল ডেস্কের অতিরিক্ত পরিচালক জনাব শুভ দাসসহ আরো অনেকে।




## ব্যবসায় শিক্ষা বিভাগের আয়োজনে কর্মশালা

ব্যবসায় শিক্ষা বিভাগের প্রধান জনাব মো. ইয়াহিন হোসেনের সভাপতিত্বে গত ৫ অক্টোবর ২০২২, 'ক্যারিয়ার ডেভলপমেন্ট' শীর্ষক এক কর্মশালা রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়। বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীর স্বতস্ফুর্ত অংশগ্রহণে অনুষ্ঠিত কর্মশালায় অতিথি হিসাবে উপস্থিত থেকে মাসবা এলিট অ্যাপ-এর সিইও জনাব মাসবা আহমেদ শিক্ষার্থীদের উদ্যোক্তা হওয়া এবং দেশকে উৎপাদন মুখী করার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান করেন।

কর্মশালায় অন্যান্যের মাঝে আরো উপস্থিত ছিলেন ব্যবসায় অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ শহীদুল ইসলাম। মাসবা এলিট অ্যাপ-এর স্পন্সরে আয়োজিত অনুষ্ঠানের সার্বিক দায়িত্বে ছিলো ইউআইটিএস বিজনেস ক্লাব।

> **'The purpose of UITS is to explicate us manners, character and good behavior along with education to carry the message of independence worth to humanity.'**
>
> **-Sufi Mohamed Mizanur Rahman**



## ইইই ও ইসিই বিভাগের যৌথ উদ্যোগে নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ইইই বিভাগের বিভাগীয় প্রধান ড. ইফাত আল-বাকীর সভাপতিত্বে গত ১৯ অক্টোবর ২০২২, বেলা ১১ টায় রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টিপারপাস হলে নবীনবরণ ও শেষবর্ষের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার উপস্থিতিতে অনুষ্ঠিত আয়োজনে বিশেষ অতিথি ছিলেন বিওটির উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক।

আলোচনায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব মোহাম্মদ কামরুল হাসান, আইকিউএসির পরিচালক ড. মো. মিজানুর রহমান, প্রক্টর ড. মো. ইয়াসিন আলী, ইসিই বিভাগের বিভাগীয় প্রধান ড. পলাশ চন্দ্র কর্মকার, ইইই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো. আবেদুল হাদী প্রমুখ। উল্লেখ্য, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের যৌথ উদ্যোগে অনুষ্ঠানটির আয়োজন করা হয়।



## RIoT Center Flag Hunt 2022-এ সিএসই বিভাগের ৩য় স্থান অর্জন

গত ২৯ অক্টোবর ২০২২, CTF Community Bangladesh কর্তৃক আয়োজিত RIoT Center Flag Hunt 2022 প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে ইউআইটিএস-এর কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত 'Cyber Security Enthusiast' টিম তৃতীয় স্থান অর্জন করে। উল্লেখ্য, এ প্রতিযোগিতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৩০টি টিম অংশগ্রহণ করে থাকে। টিমটির দল নেতা হিসাবে দায়িত্ব পালন করে সিএসই বিভাগের মেধাবী শিক্ষার্থী আতিকুর রহমান। টিমের অন্যান্য সদস্য হিসাবে মো. রেজওয়ান ও ইশরাক উদ্দিন চৌধুরী অংশগ্রহণ করে।




## World Pharmacists Day 2022 Celebration

The Department of Pharmacy celebrated the World Pharmacists Day 2022 on 25 September 2022, at Ratnagarva Tahmima Rahman Multipurpose Auditorium, UITS. The program started at 10:30 am and consisted of a rally, discussion program and cutting of a special cake.

The chief guest of the program was Hon'ble Vice Chancellor (acting) Professor Dr. Md. Abu Hashan Bhuiyan. He congratulated all of the Pharmacists throughout the world and addressed in his remarkable speech the invaluable humanitarian services the pharmacists provide through the innovation, research and development of new molecules to fight the sundry diseases. The special guest of the program Professor Dr. Md. Mazharul Hoque, Dean, Faculty of Science and Engineering acknowledged the significance, role and responsibility of pharmacists to transform the world into healthier and better one. He focused on social mobility of pharmacists and international networking and solidarity to speed up research and innovation to shift the world free from biological threat.




The keynote speaker was Md. Mehedi Hasan, Assistant Professor, Dept. of Pharmacy. He explained the significance and necessity of hospital and clinical pharmacists in the hospital settings of Bangladesh. He told that without inclusion of Pharmacists in hospital settings, the common people will never snatch the optimum health services. He carefully pointed out the pitfalls, the current healthcare sectors quagmired in, in the absence of hospital pharmacists. The program was chaired by Md. Mofazzal Hossain, Associate Professor & Head, Dept. of Pharmacy, UITS. He congratulated all of the participants and stressed on Industry - Academia collaboration for betterment of the nation in terms of a healthier community. All of the faculty members- Mr. Saadullah, Ms. Nafisa Tajneen Nakshy, Mr. Ritesh Bachar, Ms. Farhana Sultana, Ms. Nazifa Anjum were present in the program and shared valuable guidelines to the students. The program was anchored by Sabrina Alam, student of 15th Batch, Dept. of Pharmacy, UITS.




## Blood Grouping and Donation Programme organized by UITS IT Club

Blood Grouping and Donation Programme was successfully organized by UITS IT Club in association with Rhythm Blood Bank on the occasion of the great Independence Day with the slogan "Safe blood saves lives". A facebook event was created by which interested people could register to attend this event.

The chief guest was former Vice-Chancellor Prof. Dr. Mohammad Solaiman, who was accompanied by the Advisor of UITS Student Welfare and Professor of IT Department, Dr. Nazrul Islam, Mr. Md. Al Shayokh, Head of IT Department. Other esteemed teachers and students of the department and members of the UIC were also present there.



## Meeting on Revised Strategic Transport Plan [RSTP] of Dhaka at UITS

On 11 August 2022, Mohammad Rabiul Alam, Additional Executive Director (TMPTI) of Dhaka Transport Coordination Authority (DTCA), and Mr. Dhrubo Alam, Deputy Transport Planner of DTCA visited the permanent campus of UITS to consult about RSTP (Revised Strategic Transport Plan) of Dhaka City. A general discussion was held in the presence of Professor Dr. Md. Mazharul Hoque, Dean, FSE, Prof. Dr. Nazrul Islam, Department of IT, Dr. Md. Mahbubur Rahman, Associate Professor & Head, Department of Civil Engineering, Mr. Md. Tarikul Islam, Assistant Professor, Department of Civil Engineering, UITS.

As Bangladesh is growing and developing economically, Dhaka, the capital city is beginning to experience massive traffic congestion. It has become a critical issue to improve the urban transportation system in the Dhaka Metropolitan Area to ease traffic congestion and arrest environmental deterioration. Proper transportation planning is needed to ensure the efficient movement of people and goods across the country. Under these circumstances, the Government of Bangladesh formulated the Strategic Transport Plan (STP) for Dhaka in 2005 in cooperation with the World Bank. The government also revised and updated the STP in 2015 as well started the project to help build the capacity of the transportation system of Dhaka city which is known as RSTP (Revised Strategic Transport Plan). The plan is a twenty-year-long project from 2015-2035. The RSTP includes the construction of five metro rails, and six flyovers which have been finalized with JICA in coordination with the Dhaka Transport Coordination Authority (DTCA) formerly known as the Dhaka Transport Coordination Board (DTCB).




## Department of English Celebrates 18th Establishment Day

The Department of English at University of Information and Sciences (UITS) has enthusiastically celebrated its 18th establishment day. The day was celebrated in all its grandeur in the UITS campus on October 13, 2022. The day of the event was split into different segments which included a rally for the establishment day, a pre-orientation program, a discussion, a surprise farewell event and lastly, a cultural function.

First among the several events, a rally was organized that circled around the campus premises and among the attendees were Professor Dr. Abu Hashan Bhuiyan, the Honorable Vice Chancellor (In charge), UITS, Ms. Syeda Afsana Ferdousi, Dean, Faculty of Liberal Arts and Social Sciences, Ms. Naima Afrin, Head, Department of English and all other Faculty members and students of Department of English.

After the rally, the pre-orientation program for ‘Batch 26’ and the discussion took place at the Ratnagarva Tahmina Rahman Multipurpose Hall where Professor Dr. Md. Abu Hashan Bhuiyan, Honorable Vice-Chancellor (Acting), was present as the chief guest. Ms. Syeda Afsana Ferdousi, Dean, Faculty of Liberal Arts and Social Sciences, Ms. Naima Afrin, Head, Department of English and Professor Dr. Siraj Uddin Ahmed, treasurer, UITS, spoke at the event as well. After the discussion, a cake was cut on the event of the establishment day. Another segment on this occasion was the farewell program of a longtime faculty and lecturer of the department, Firoz Akanda. The last segment of the day was the cultural program which was arranged with the cheerful participation by the students of the department.



## প্রিপারেশন অব ওবিই কারিকুলাম বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

ইউজিসি'র নির্দেশনায় ইউআইটিএস-এর আইকিউএসি কর্তৃক আয়োজিত 'প্রিপারেশন অব ওবিই কারিকুলাম' বিষয়ক এক কর্মশালা গত ২৯ জুন ২০২২, রত্নগর্ভা তাহমিনা রহমান মাল্টি পারপাস হলে অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া।
আইকিউএসির পরিচালক ড. মো. মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন সিএসই বিভাগের বিভাগীয় প্রধান ও ইউআইটিএস রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমান। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিওটির উপদেষ্টা অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাজহারুল হক, সকল বিভাগের বিভাগীয় প্রধান এবং শিক্ষকমণ্ডলী।



## ঢাকা বিশ্ববিদ্যালয়ের নব নিযুক্ত ফার্মেসি অনুষদের ডিনকে শুভেচ্ছা

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর ফার্মেসি বিভাগের উপদেষ্টা ড. সিতেশ চন্দ্র বাছার-এর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের ডিন নির্বাচিত হওয়ায় ইউআইটিএস ফার্মেসি বিভাগের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দনে সিক্ত করা হয়। উল্লেখ্য, গত ১৬ জানুয়ারি ২০২২, ইউআইটিএস ফার্মেসি বিভাগের প্রধান জনাব মো. মোফাজ্জল হোসেনের নেতৃত্বে শিক্ষকদের একটি প্রতিনিধি দল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি অনুষদের ডিন কার্যালয়ে ড. সিতেশ চন্দ্র বাছারের সাথে এক শুভেচ্ছা সাক্ষাতে মিলিত হন।


## আপনি কেন ইউআইটিএস-এ অধ্যয়ন করবেন

দেশকে তথ্য প্রযুক্তিতে এগিয়ে নেয়ার ভিশন নিয়ে ২০০৩ সালে প্রতিষ্ঠিত ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস বিশ্বমানের প্রফেশনাল বিনির্মাণে বিশেষ অবদান রেখে আসছে। সমাজসেবায় একুশে পদক-২০২০-এ ভূষিত বাংলাদেশের অন্যতম বৃহৎ শিল্প প্রতিষ্ঠান পিএইচপি ফ্যামিলির কর্ণধার সুফি মোহাম্মদ মিজানুর রহমান প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়টি আন্তর্জাতিক মানের শিক্ষা ব্যবস্থা স্বল্প খরচে সাধারণের দ্বারে পৌঁছে দেয়ার লক্ষ্যে পরিচালিত হচ্ছে।

### ইউআইটিএস যে কারণে শ্রেষ্ঠ

- ঢাকার প্রাণকেন্দ্রে মনোরম স্থায়ী ক্যাম্পাস।
- দেশ ও বহিঃবিশ্বের শীর্ষস্থানীয় বিদ্যাপিঠ থেকে ডিগ্রী প্রাপ্ত শিক্ষকমণ্ডলী।
- ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ দেশের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ও বর্তমান অধ্যাপকগণের দিক নির্দেশনায় পরিচালিত শিক্ষা কার্যক্রম।
- বিজ্ঞান ও প্রকৌশল, ব্যবসায়, মানবিক ও আইন অনুষদের শিক্ষার্থীদের জন্য আন্তর্জাতিক মানের দু'টি গ্রন্থাগার।
- 'সুফি মিজান ফাউন্ডেশন বৃত্তি তহবিল' ও 'রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি তহবিল'-এর অধীনে পরিচালিত বৃত্তি।
- মুক্তিযোদ্ধা কোঠা ও বিভিন্ন ক্যাটাগরিতে শতভাগ বৃত্তি।
- মডার্ন ল্যাবরেটরি সুবিধা।
- মাল্টি মিডিয়া ক্লাস রুম সুবিধা।
- সুপরিসর খেলার মাঠ, মেডিকেল সেন্টার ও শরীরচর্চা কেন্দ্র।
- ক্যাফেটেরিয়া।
- পরিবহন সুবিধা।

## Convocation Archive



**সমাবর্তন ২০০৯** সমাবর্তন বক্তা ভারতের সাবেক রাষ্ট্রপতি এ পি জে আব্দুল কালাম।




**সমাবর্তন ২০০৯** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মো. জিল্লুর রহমানের সাথে সম্মানিত অতিথিবৃন্দ।



**সমাবর্তন ২০১৪** সমাবর্তন বক্তা মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী তুন ড. মাহাথির বিন মোহাম্মদ।




**সমাবর্তন ২০১৪** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি সমাবর্তন বক্তার হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দিচ্ছেন।




**সমাবর্তন ২০১৮** বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান সুফি মোহাম্মদ মিজানুর রহমান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দিচ্ছেন।



**সমাবর্তন ২০১৮** সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত গ্রাজুয়েটবৃন্দ।

"Apart from imparting professional skills among the youth of Bangladesh, UITS is providing value based education for developing human values and ethical practices which is vital for long term growth of the nation."

Dr. A. P. J. Abdul Kalam
Former President of India &
UITS 1st Convocation Speaker, 2009

"When the students of UITS come here to study information technology and the sciences you are preparing yourselves for the defense of Islam and the Muslims. I am quite sure that when you leave this university you'll put every effort into bettering yourself in the performance of your duty to yourselves and to the Muslim Ummah. This is your duty."

Tun Dr. Mahathir bin Mohamad
Former Prime Minister of Malaysia &
UITS 2nd Convocation Speaker, 2014

UITS

*Future will be better than the past*

An initiative of PHP Family

| সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অনুষদ | সর্বমোট ফি |
|---|---|
| বিএসসি ইন সিএসই | ৫,৫৪,৭০০ |
| বিএসসি ইন আইটি | ৫,১৮,৭০০ |
| বিএসসি ইন সিই | ৫,৩০,৭০০ |
| বিএসসি ইন সিই (ডিপ্লোমা) | ৪,৩৩,৭০০ |
| বিএসসি ইন ইইই | ৫,৫৮,২০০ |
| বিএসসি ইন ইসিই | ৫,৫৪,৭০০ |
| ব্যাচেলর অব ফার্মেসি | ৫,৭০,৭০০ |
| এমএসসি ইন সিএসই | ১,১৪,৩০০ |
| এমএসসি ইন টেলিকম. ইঞ্জিনিয়ারিং | ১,১৪,৩০০ |
| **বিজনেস অনুষদ** | |
| বিবিএ | ৪,৩৮,৩০০ |
| এমবিএ (বিবিএ গ্র্যাজুয়েট) | ১,৩০,৭০০ |
| ইএমবিএ | ১,৬৪,৪৫০ |
| এমবিএ (রেগুলার) | ২,২৯,৭০০ |
| **আইন অনুষদ** | |
| এলএলবি (অনার্স) | ৩,৭১,১০০ |
| এলএলএম | ৯৪,০০০ |
| **লিবারেল আর্ট অ্যান্ড সোস্যাল সায়েন্সেস অনুষদ** | |
| বিএ (অনার্স) ইন ইংলিশ | ৩,৫৯,৭০০ |
| বিএসএস ইন সোস্যাল ওয়ার্ক | ২,৮৭,৭০০ |
| এমএ ইন ইংলিশ (ইংলিশ গ্র্যাজুয়েট) | ১,২০,০০০ |
| এমএ ইন ইংলিশ | ২,১২,৫০০ |
| এমএসএস ইন সোস্যাল ওয়ার্ক | ৭৯,২০০ |

## প্রমোশনাল বৃত্তি ও ওয়েভার

২০% স্বামী-স্ত্রী বৃত্তি

২৫% প্রাক্তন শিক্ষার্থী বৃত্তি

২০% সহোদর বৃত্তি

১০০% পর্যন্ত বৃত্তি সুবিধা

৭৫% যোগাযোগ বৈকল্য শিক্ষার্থী বৃত্তি

সুফি মোহাম্মদ মিজানুর রহমান ফাউন্ডেশন বৃত্তি তহবিল

রত্নগর্ভা তাহমিনা রহমান বৃত্তি তহবিল

| | |
|---|---|
| এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৮.০<br>এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৭.০ | ১০% |
| এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৮.৫<br>এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৭.৫ | ১৫% |
| এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৯.০<br>এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৮.০ | ২০% |
| এসএসসি + এইচএসসি মোট জিপিএ ৯.৫<br>এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৮.৫ | ৩০% |
| এসএসসি + এইচএসসি মোট জিপিএ ১০.০<br>এসএসসি + ডিপ্লোমা মোট জিপিএ ৯.০ | ৪০% |
| এসএসসি + এইচএসসি সকল বিষয়ে এ+ (শর্ত সাপেক্ষে)<br>অবশিষ্টদের জন্য ৫০% ওয়েভার | ১০০% |

## মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রমোশনাল বৃত্তি

১০% স্নাতক/স্নাতক(সম্মান)/সমমান ডিগ্রিতে সিজিপিএ ৩.০

স্নাতক/স্নাতক(সম্মান)/সমমান ডিগ্রিতে সিজিপিএ ৩.৫ ১৫%


UITS RESEARCH CENTER

**University of Information Technology & Sciences**

Permanent Campus: Holding 190, Road 5, Block J, Baridhara Maddha Nayanagar, Vatara, Dhaka-1212, Bangladesh

Phone: 09678 008487, Mobile: 01713-487709, 01939-915209 01914-240649, 01844-043870

www.uits.ac.bd, Email: researchcenter@uits.ac.bd

www.facebook.com/theuits



| | | |
|---|---|---|
| Patron | : | **Prof. Dr. Md. Abu Hashan Bhuiyan**<br>Vice Chancellor (Acting) |
| Chief Editor | : | **Prof. Dr. K M Saiful Islam Khan**<br>Advisor, Board of Trustees |
| Editor | : | **Prof. Dr. Mijanur Rahman**<br>Director, UITS Research Center |
| Assistant Editor | : | **Tanvir Reza Sirazi**<br>Assistant Director, UITS Research Center |
| Computer Compose | : | **Md. Sajib Miah**<br>Office Assistant, UITS Research Center |
| Published on | : | **December, 2022** |
| Data Sources | : | UITS Web page<br>All Departments<br>Public Relation Office |